

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নব নির্বাচিত কমিটির শপথ ও  
মতবিনিময় সভা অনুষ্ঠিত



২০ ডিসেম্বর ২০২১-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নব নির্বাচিত কমিটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে ফুলেল শুভেচ্ছা এবং মতবিনিময় সভা করেন। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার নব-নির্বাচিত কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করান।

এসময় কর্মকর্তা সমিতির সভাপতি মোঃ জহুরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মোঃ আব্দুল কাদের সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রধান নির্বাচন কমিশনার প্রকৌশলী মোঃ হেলাল উদ্দিন পাটোয়ারী পিইঞ্জ, বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান ও উপ-রেজিস্ট্রার সমমান কর্মকর্তাবৃন্দ, নির্বাচন কমিশনের কমিশনার



বৃন্দ, সমিতির সদ্য সাবেক সভাপতি মোহাম্মদ কামাল হোসেন সরকার ও সাধারণ সম্পাদক মোঃ আলতাফ হোসেন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ১৩ ডিসেম্বর ২০২১, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়।